

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর

অর্থ শাখা

গাইড হাউস (৭ম ও ১০ম তলা), নিউ বেইলী রোড, ঢাকা-১০০০।

www.dme.gov.bd



স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০০২.০২.০০১.২১.৩৯

তারিখ: ২০ আশ্বিন ১৪২৮

০৫ অক্টোবর ২০২১

বিষয়: মাদ্রাসার এমপিওভুক্ত প্রভাষকদের ৮ বছর পূর্তিতে ৫০% হিসেবে জ্যেষ্ঠতা নির্ধারণ সাপেক্ষে জ্যেষ্ঠ প্রভাষক/সহকারী অধ্যাপক পদে পদোন্নতি প্রসঙ্গে।

সূত্র: (১) মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-৫৭.২৫.০০০০.০০২.০৮.০০১.২০-৪৬০; তারিখ: ০৬.১২.২০২০ খ্রি.

(২) টিএমইডির স্মারক নং-৫৭.০০.০০০০.০৪৪.২২.০০২.২০-২২৩; তারিখ: ২৩.১১.২০২০ খ্রি.

(৩) টিএমইডির স্মারক নং-৫৭.০০.০০০০.০৪৩.১৬.০০৯.১৭-৯০১; তারিখ: ০৫.০৯.২০১৮ খ্রি.

(৪) টিএমইডির স্মারক নং-৫৭.০০.০০০০.০৪৪.০৩.০০৮.১৯-২৭৫; তারিখ: ১৯.১২.২০১৯ খ্রি.

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে মহোদয়ের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সূত্রোক্ত (২) নং স্মারকে 'বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (মাদ্রাসা) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮ (২৩ নভেম্বর ২০২০ পর্যন্ত সংশোধিত/পরবর্তীতে পরিমার্জিত)' জারী করা হয়েছে। উক্ত নীতিমালার ২৭ (চ) নং অনুচ্ছেদে 'এ নীতিমালা অবিলম্বে কার্যকর হবে' মর্মে উল্লেখ আছে।

০২। উক্ত নীতিমালার ১১.৪ নং অনুচ্ছেদে বর্ণিত আছে, 'এমপিওভুক্ত প্রভাষকগণ এমপিওভুক্তির ০৮(আট) বছর পূর্তিতে ৫০% হিসেবে(অনুচ্ছেদ ১৩ মোতাবেক) জ্যেষ্ঠতার ভিত্তিতে সহকারী অধ্যাপক পদে পদোন্নতি পাবেন। এত মোট পদসংখ্যা বৃদ্ধি পাবে না।' একই নীতিমালার পরিশিষ্ট 'ঘ' এর ১১ নং ক্রমিকে আলিম মাদ্রাসার জন্য জ্যেষ্ঠ প্রভাষকের কথা বলা আছে এবং পদোন্নতির শর্ত হিসেবে 'প্রভাষক হিসেবে এমপিওভুক্ত পদে ০৮ বছরের শিক্ষকতার অভিজ্ঞতা'র কথা বলা আছে। ফাজিল ও কামিল মাদ্রাসার ক্ষেত্রে সহকারী অধ্যাপক-এর পদোন্নতির ক্ষেত্রে যা শর্ত, আলিম মাদ্রাসায় জ্যেষ্ঠ প্রভাষকের পদোন্নতির ক্ষেত্রেও একই শর্ত রয়েছে এবং উভয় পদের বেতন গ্রেড-০৬।

০৩। ১৯.০৭.২০১৮ তারিখে জারীকৃত 'বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (মাদ্রাসা) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮(২৩ নভেম্বর, ২০২০ তারিখে সংশোধিত নীতিমালা জারীর পূর্বে) এর ১১.৪ অনুচ্ছেদে ৫:২ অনুপাতে ০৮ বছর পূর্তিতে জ্যেষ্ঠতার ভিত্তিতে সহকারী অধ্যাপক পদে পদোন্নতি দেয়ার বিধান ছিল এবং বর্তমানেও সে অনুযায়ী সহকারী অধ্যাপক পদে পদোন্নতি দেয়া হচ্ছে। 'বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (মাদ্রাসা) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮ (২৩ নভেম্বর ২০২০ পর্যন্ত সংশোধিত//পরবর্তীতে পরিমার্জিত)' এর ১১.৪ অনুচ্ছেদের আলোকে বিভিন্ন মাদ্রাসা থেকে প্রভাষকগণ যাদের এমপিওভুক্তির সময়সীমা ০৮ বছর অতিক্রান্ত হয়েছে তারা সহকারী অধ্যাপক পদে পদোন্নতির জন্য অনলাইনে আবেদন করেন। কিন্তু এ বিষয়ে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের সুনির্দিষ্ট নির্দেশনা না থাকায় অত্র অধিদপ্তর কর্তৃক এ বিষয়ে পদক্ষেপ গ্রহণ সম্ভবপর হচ্ছেনা।

০৪। উল্লেখ্য যে, 'বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (মাদ্রাসা) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮ (২৩ নভেম্বর ২০২০ পর্যন্ত সংশোধিত//পরবর্তীতে পরিমার্জিত)' জারীর পর এর বাস্তবায়ন বিষয়ে নির্দেশনা চেয়ে সূত্রোক্ত ১ নং স্মারকে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগে পত্র প্রেরণ করা হয়েছিল। কিন্তু অদ্যাবধি এ বিষয়ে কোন নির্দেশনা পাওয়া যায়নি।

০৫। এমতাবস্থায়, 'বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (মাদ্রাসা) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮ (২৩ নভেম্বর ২০২০ পর্যন্ত সংশোধিত//পরবর্তীতে পরিমার্জিত)' এর ১১.৪ অনুচ্ছেদের আলোকে প্রভাষকগণের এমপিওভুক্তির ০৮(আট) বছর পূর্তিতে ৫০% হিসেবে আলিম মাদ্রাসার ক্ষেত্রে জ্যেষ্ঠ প্রভাষক এবং ফাজিল ও কামিল মাদ্রাসার ক্ষেত্রে সহকারী অধ্যাপক হিসেবে পদোন্নতি দেয়া হবে কি না- এ বিষয়ে সুনির্দিষ্ট নির্দেশনা/সিদ্ধান্ত প্রদানের জন্য মহোদয়কে বিনীত অনুরোধ করা হলো।

সংযুক্তি: ১ ফর্দ।

৫-১০-২০২১

কে, এম, রুহুল আমীন

মহাপরিচালক (অতিরিক্ত সচিব)

সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়

